# শ্যামনগর উপজেলা পরিষদের ১০ম মাসিক সভার কার্যবিবরণী জানুয়ারী'২০২০

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ২৮.০১.২০২০ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্যঃ**

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে মুজিববর্ষ ও ইংরেজি নববর্ষ'২০২০ এর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | নতুন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখার গত ২১/০১/২০২০ খ্রিঃ তারিখের ৫৩ নং পত্রে উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধুর ম্যুরাল সম্বলিত স্থায়ী মঞ্চ নির্মানের সংক্রান্ত বিষয়ে নির্দেশনা পাওয়া গেছে।<br>সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধুর ম্যুরাল সম্বলিত স্থায়ী মঞ্চ নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | | উপজেলা প্রকৌশলী |
| ৩. | মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারী পরিপত্র এবং বিধি অনুসরন করে উপজেলা পরিষদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপদেশ সকল দপ্তরকে যথাযথভাবে পালনের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | সংশিষ্ট দপ্তর প্রধান। |
| ৪. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন) | ১। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নিমোক্ত ব্যয় সম্পন্ন হয়েছে। মাসিক সভায় অনুমোদন গৃহিত হলে বিল প্রদান করা যেতে পারে।<br>১) উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসে প্রিন্টারের টোনার ক্রয় ১৫০০/- টাকা।<br>২) উপজেলা পরিষদের চেয়ারম্যান অফিসে ব্যাসিনের পাইপ ক্রয় এবং পাইপ লাগানো বাবদ ৬২০/- টাকা। | | উপজেলা নির্বাহী অফিসার |

৫. **বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)** : উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য যাচাই বাছাই কমিটির সভা হতে নিমোক্ত প্রকল্পগুলি পাওয়া গেছে। প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে চুড়ান্ত অনুমোদনের জন্য অদ্য মাসিক সভায় প্রকল্প তালিকাসমূহ উপস্থাপন করেন-

**২০১৯-২০ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি'র) প্রকল্প তালিকা।**

| ক্রম | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ভুরুলিয়া | ভুরুলিয়া ইউনিয়নে দরগাহপুর আজুর বাড়ী হতে মেছেরের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ২. | " | ভুরুলিয়া ইউনিয়নে অনন্তপুর যমুনার পাড়ের করিমের বাড়ী হতে ইউনুচের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩. | " | ভুরুলিয়া ইউনিয়নে ভুরুলিয়া সিরাজপুর স্কুল এ্যান্ড কলেজের মূল ভবন ও দরজা জানালা রং করণ। | ৬০০০০.০০ | টেন্ডার |
| ৪. | " | ভুরুলিয়া ইউনিয়নে ধাপুয়ারচক নজরুল মিস্ত্রির বাড়ী হতে ডাঃ আমজাদের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিংকরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫. | কাশিমাড়ী | কাশিমাড়ী ইউনিয়নে কাশিমাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজের এডিপি কর্তৃক নির্মানাধীন ভবনের ছাদ নির্মাণ। | ২৫০০০০.০০ | টেন্ডার |
| ৬. | " | কাশিমাড়ী ইউনিয়নে খেজুর আটি হইতে কারিকর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ১৫০০০০.০০ | টেন্ডার |
| ৭. | | কাশিমাড়ী ইউনিয়নে ০৪ নং ওয়ার্ডে জয়নগর গ্রামে আশরাফ হোসেন ঢালীর বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৮. | | কাশিমাড়ী ইউনিয়নে ০১ নং ওয়ার্ডে শংকরকাটি বাজারের মাছের সেডের ছাউনি নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৯. | " | (ক) কাশিমাড়ী ইউনিয়নে কাশিমাড়ী ০৬ নং ও কাশিমাড়ী ১২৬ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু পার্কে খেলার সামগ্রী বিতরণ। (খ) কাশিমাড়ী ইউনিয়নে কাশিমাড়ী শিশু পার্কের নদীর ধারে সিড়ি নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১০. | শ্যামনগর | শ্যামনগর ইউনিয়নে নকিপুর (কাতখালী) মুজিবারের ঘের হইতে খোকা পীরের থান পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ১১. | " | শ্যামনগর ইউনিয়নে নকিপুর সাত্তার মোল্যার বাড়ী হইতে মুর্শিদের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১২. | " | শ্যামনগর ইউনিয়নে কাশিপুর মুন্ডা পাড়া হইতে কামরুল মেম্বারের ঘের দিয়ে মেইন রাস্তা পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১৩. | " | শ্যামনগর ইউনিয়নে মাহমুদপুর আহম্মদের বাড়ী সংলগ্ন তিন রাস্তার মুখ হইতে মসজিদ পর্যন্ত রাস্তা সংস্কার। | ৬০০০০.০০ | টেন্ডার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | ” | শ্যামনগর ইউনিয়নে নকিপুর মাজাটে শেখের বাড়ি হইতে হযরত আলীর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করণ। | ৬০০০০.০০ | টেন্ডার |
| ১৫. | ” | বাদঘাটা সাংবাদিক সরদ্দার সিদ্দিক এর বাড়ী হইতে ডাঃ আব্দুল গফুরের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করণ। | ৪০০০০.০০ | টেন্ডার |
| ১৬. | ” | শ্যামনগর ইউনিয়নে নকিপুর হাইস্কুল, নকিপুর বালিকা বিদ্যালয়, জোবেদা সোহরাব মডেল একাডেমি, চিংড়াখালী মাধ্যমিক বিদ্যালয়ের বেঞ্চ সরবরাহ । | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৭. | নূরনগর | নূরনগর ইউনিয়নে নূরনগর সামাদ গাজীর বাড়ী হইতে রামচন্দ্রপুর মকিমের দোকান পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ১৮. | ” | নুরনগর ইউনিয়নে ০৭ নং ওয়ার্ডে কল্যানপুর স্লুইজ গেট হইতে হরিনাগাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ১৭০০০০.০০ | টেন্ডার |
| ১৯. | ” | রামচন্দ্রপুর সামছদ্দীন সরদারের বাড়ীর সম্মুখে রাস্তা সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২০. | ” | নূরনগর ইউনিয়নে দক্ষিন হাজিপুর ফজের বরকন্দাজের বাড়ী হইতে আব্দুল গাজীর বাড়ী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ২১. | কৈখালী | কৈখালী ইউনিয়নে যাদবপুর বাজারের অভ্যন্তরে ড্রেন নির্মাণ উন্নয়ন। | ২২০০০০.০০ | টেন্ডার |
| ২২. | ” | কৈখালী ইউনিয়নে মির্জাপুর সরকারী পানির পুকুরের ঘাটাল/ঘাট নির্মাণ। | ৮০০০০.০০ | টেন্ডার |
| ২৩. | ” | কৈখালী ইউনিয়নে পূর্ব পরাণপুর মাহমুদ গাজীর বাড়ীর সামনে পুকুরের পার্শ্বে প্যালাসাইডিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২৪. | | কৈখালী ইউনিয়নে মধ্য পরানপুর নেবুখালী জামে মসজিদ অভিমুখে রাস্তা ইটের সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২৫. | ” | কৈখালী ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ২৬. | রমজাননগর | রমজাননগর ইউনিয়নে কালিঞ্চী গফফার মেম্বরের বাড়ী হইতে আলী আজগার বুলুর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ । | ২০০০০০.০০ | টেন্ডার |
| ২৭. | ” | রমজাননগর ইউনিয়নে রমজাননগর উত্তর পাড়া হবি ঢালীর বাড়ী হইতে ছুরমান কাগুচীর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২৮. | ” | রমজাননগর ইউনিয়নে ভেটখালী পরিমল মন্ডলের বাড়ী হইতে দুলাল মিস্ত্রির বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২৯. | ” | রমজাননগর ইউনিয়নে আরশাদ আলীর মাধ্যমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৩০. | | রমজাননগর ইউনিয়নে আব্দুল হকের বাড়ি হইতে সৈয়দাল্লিপুর অভিমুখে রাস্তা  ইটের সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৩১. | ” | রমজাননগর ইউনিয়নে সোনাখালী আমেনা খাতুনের বাড়ী হইতে গোলাম ফারুকের ঘের পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩২. | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ ইউনিয়নে পূর্ব কালিনগর প্রভাষ মন্ডলের ঘেরের রাস্তার সামনে হইতে শীবপদ মন্ডলের দোকান পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ। | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ৩৩. | ” | মুন্সীগঞ্জ ইউনিয়নে মুন্সিগঞ্জ গাইন ঘর হইতে মুন্সিগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ের রাস্তা সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার |
| | ” | মুন্সিগঞ্জ ইউনিয়নে জেলেখালী শচীন মন্ডলের বাড়ি হইতে উত্তর কদমতলা মেইন রোড অভিমুখে রাস্তা ইটের সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| | ” | মুন্সিগঞ্জ ইউনিয়নে ধানখালী গ্রামে মেইন রোড হইতে তারাপদ জোয়ার্দ্দার এর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| | ” | মুন্সীগঞ্জ ইউনিয়নে বড় ভেটখালী গোড়া খালের বৈদ্যের বাড়ী হতে গফুর মোড়লের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩৪. | ঈশ্বরীপুর | ঈশ্বরীপুর ইউনিয়নে ধুমঘাট ০২ মুনছুর পাড়ের বাড়ী হইতে আশ্রয় কেন্দ্র অভিমুখে রাস্তা ইট সোলিংকরণ। | ৪০০০০০.০০ | টেন্ডার |
| ৩৫. | ” | ঈশ্বরীপুর ইউনিয়নে ০৬ নং ওয়ার্ডে গুমানতলী গ্রামে মোঃ শাহিন গাজীর বাড়ী হইতে মোছাঃ রুপিয়া খাতুনের বাড়ি পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ৩৬. | ” | ঈশ্বরীপুর ইউনিয়নে নিলু মিস্ত্রির মোড় হইতে ডাঃ রতন মন্ডলের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৩৭. | ” | ঈশ্বরীপুর ইউনিয়নে সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে বিভিন্ন স্থানে ০৪ গভীর নলকূপ স্থাপন। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩৮. | ” | ঈশ্বরীপুর ইউনিয়নে ০৬ নং ওয়ার্ডে গুমানতলী গ্রামে আঃ গফুর মোল্যার বাড়ি হইতে হযরত কয়ালের বাড়ি পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৩৯. | **বুড়িগোয়ালিনী** | বুড়িগোয়ালিনী ইউনিয়নে হতদরিদ্র পরিবারের মাঝে ১০০০ লিটারের পানির ট্যাংক বিতরণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৪০. | ” | বুড়িগোয়ালিনী ইউনিয়নে ভামিয়া শান্তিরামের বাড়ী হইতে ভাঙ্গীর বাড়ী অভিমুখে রাস্তা ইট সোলিংকরণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৪১. | ” | বুড়িগোয়ালিনী ইউনিয়নে আবাদচন্ডিপুর নজরুল মাষ্টারের বাড়ী হইতে গাজী বাড়ী জামে মসজিদ ও হাফেজীখানা পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৪২. | ” | বুড়িগোয়ালিনী ইউনিয়নে ০১ নং ওয়ার্ডে জাবাখালী শাহজান মোড়লের বাড়ী হইতে জাবাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ৪৩. | ” | বুড়িগোয়ালিনী ইউনিয়নে আবাদচন্ডিপুর পানখালী গ্রামে আতি গাজীর বাড়ি হইতে নেজাম গাজীর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৪৪. | ” | বুড়িগোয়ালিনী ইউনিয়নে খোসালখালী সাত্তার গাজীর বাড়ী হইতে মাজেদ গাজীর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৪৫. | আটুলিয়া | আটুলিয়া ইউনিয়নে এ কাদের স্কুল এ্যান্ড কলেজ এর সাইকেল গ্যারেজ নির্মাণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৪৬. | ” | আটুলিয়া ইউনিয়নে বয়ারসিংহ সুভাষ মন্ডলের বাড়ী হইতে বয়ারসিংহ সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ। | ১০০০০০.০০ | টেন্ডার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৭. | ” | আটুলিয়া ইউনিয়নে বিড়ালাক্ষী শেখবাড়ী ইটের সোলিং হইতে শেখবাড়ীর শেষ পর্যন্ত রাস্তা ইট সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৪৮. | ” | আটুলিয়া ইউনিয়নে তালবাড়িয়া ০৭ নং ওয়ার্ডে কৃষ বলরাম মন্দির থেকে যামিনী কান্ত মন্ডলের বাড়ি পর্যন্ত রাস্তা সোলিং করণ। | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ৪৯. | ” | নওয়াবেঁকী ঘাট নির্মাণ। | ৩০০০০০.০০ | টেন্ডার |
| ৫০. | ” | আটুলিয়া ইউনিয়নে বাদুড়িয়া আদম আলীর দোকান হইতে মোহাম্মাদের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫১. | পদ্মপুকুর | পদ্মপুকুর ইউনিয়নে পূর্ব পাতাখালী রবিউল সরদারের বাড়ীর সামনে দিয়ে মুকুল সরদার এর বাড়ীর অভিমুখে রাস্তা সিসি করণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৫২. | ” | পদ্মপুকুর ইউনিয়নে ঝাপা ব্রজ বিহারী মাধ্যমিক বিদ্যালয়ে মেয়েদের কমনরুম নির্মাণ। | ২০০০০০.০০ | |
| ৫৩. | ” | পদ্মপুকুর ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫৪. | গাবুরা | গাবুরা ইউনিয়নে চাঁদনীমুখা এম এম মাধ্যমিক বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মাণ | ৪০০০০০.০০ | |
| ৫৫. | ” | গাবুরা ইউনিয়নে হরিশখালী খেয়াঘাট হইতে ১০ নং সোরা ব্রীজ অভিমুখে রাস্তা সোলিং করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫৬. | | উপজেলা নির্বাচন অফিসে ১০ টি ভিআইপি চেয়ার এবং জনালায় থাই গ্লাস স্থাপন। | ৬০০০০.০০ | টেন্ডার |
| ৫৭. | | সহকারী কমিশনার (ভূমি) অফিসের বাথরুম ও মেঝে সংস্কার। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৫৮. | | শ্যামনগর উপজেলা সদরে প্রতিবন্ধী স্কুলে ০১ টি মোটর ভ্যান ও ০২ টি হুইল চেয়ার সরবরাহ। | ৬৪৫০০.০০ | টেন্ডার |
| ৫৯. | | শ্যামনগর উপজেলার অসহায় দুস্থ ও গরীব মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৬০. | | প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের মেধা বিকাশের জন্য শিশুদের মাঝে বিভিন্ন খেলাধুলা সামগ্রী প্রদান। | ২০০০০০.০০ | টেন্ডার |
| ৬১. | | শ্যামনগর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে টিফিন বক্স ও পানির পট বিতরণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৬২. | | শ্যামনগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী সরবরাহ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৬৩. | | শ্যামনগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ, এবং আটুলিয়া ছফুরেন্নেছা ম্যাধমিক বিদ্যালয়ে ছাত্রীদের মাঝে ন্যাপকিন বিতরণ এবং সচেতনাবৃদ্ধিতে কর্মশালা। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৬৪. | | বিভিন্ন উন্নয়ন মূলক কাজ জরিপ ও তদারকী কার্যে ব্যয় | ১১২০০০.০০ | |
| | | **সর্বমোট টাকা :** | **১১৬২৬৫০০.০০** | |

**(এক কোটি ষোল লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত টাকা মাত্র)**

**২০১৯-২০ ইং অর্থ বছরে উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প তালিকা।**

| ক্রম | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | নকিপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শ্রেণী কক্ষের টিন সেড এর সিলিং নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ২. | ঈশ্বরীপুর ইউনিয়নে ঈশ্বরীপুর এ ছোবহান মাধ্যমিক বিদ্যালয়ের সীমনা প্রাচীর নির্মাণ। | ৭০০০০০.০০ | টেন্ডার |
| ৩. | শ্যামনগর টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ সংযোগ রাস্তা সোলিং করণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৪. | কাশিমাড়ী গোবিন্দপুর এ.এইচ মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষের টিন সেড ভবন সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ৫. | বুড়িগোয়ালিনী ইউনিয়নে কলবাড়ী আশ্রায়ন প্রকল্পের পুকুরের ঘাটলা নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৬. | শ্যামনগর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ফুটবল এবং ভলিবল সরবরাহ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ৭. | শ্যামনগর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ | ৫০০০০০.০০ | টেন্ডার |
| ৮. | রমজাননগর পাতড়াখোলা সিএনবি রাস্তা হইতে রুহুল আমিন এর বাড়ী পর্যন্ত ৭৯০ ফুট রাস্তা সোলিং করণ। | ২৮৭০০০.০০ | টেন্ডার |
| ৯. | রমজাননগর আতির মোড় হইতে পশ্চিম ভৈরবনগর প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১০. | নূরনগর রামচন্দ্রপুর আইতুননেছা আনিছিয়া হাফিজিয়া এতিমখানা মাদ্রাসা সংস্কার। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১১. | শ্যামনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিস, উপজেলা প্রকৌশল দপ্তর, উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য ০৩ টি ফটোকপিয়ার মেশিন ক্রয়, উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টর ০১ টি, উপজেলা প্রকৌশল দপ্তর এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন এবং স্থির চিত্র সংরক্ষনের জন্য ডিজিটাল ক্যামেরা ক্রয় ০২ টি। | ৪৭৫০০০.০০ | আরএফ কিউ |
| ১২. | শ্যামনগর উপজেলা মক্তিযোদ্ধা কমপ্লেক্স পতাকা ষ্ট্যান্ড ও মঞ্চ নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১৩. | পদ্মপুকুর ইউনিয়নে পাতাখালী ফাজিল মাদ্রাসার দ্বিতল ভবনের টিনের ছাউনী নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| ১৪. | উপজেলা পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যান সহকারী, উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এর মাঠ পর্যায়ে সেবা প্রদানের জন্য অফিস কক্ষে চেয়ার ও টেবিল সরবরাহ। | ৫০০০০.০০ | টেন্ডার |
| ১৫. | ঈশ্বরীপুর ইউনিয়নে বংশীপুর ৯ নং ওয়ার্ডে এবতেদায়ী সিদ্দিকীয়া সতন্ত্র মাদ্রাসার সীমানিা প্রাচীর নির্মাণ। | ১০০০০০.০০ | টেন্ডার |
| | **সর্বমোট :** | **৩২১২০০০.০০** | |

**(মোট বত্রিশ লক্ষ বার হাজার টাকা মাত্র)**

**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ আইন ও বিধি মোতাবেক যথাযথ প্রক্রিয়ায় উপরোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে :** উপজেলা প্রকৌশলী, শ্যামনগর।

**৬.** | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প** | বাস্তবায়নে: সংশ্লিষ্ট কর্মকর্তা

উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য যাচাই বাছাই কমিটি হতে নিম্নবর্নিত সুপারিশ পাওয়া গেছে ।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১. | শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়ের ২য় তলা ফ্যাসিলিটিজ ভবন ৩য় তলা সম্প্রসারন। | ৪৪,৬৯,২৭৪/- টাকা (ভ্যাট ও আইটি সহ) |

**<u>সিদ্ধান্ত</u>** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পটি বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় ঠিকাদার মোঃ আব্দুল হাকিম, শীতলপুর, কালিগঞ্জ কর্তৃক অত্র শ্যামনগর উপজেলার ১) কাঠালবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ২) ধুমঘাট আদর্শ মাধ্যমিক বিদ্যালয় ৩) কলবাড়ি নেকজানিয়া মাধ্যমিক বিদ্যালয় ৪) পাতাখালী মাধ্যমিক বিদ্যালয়ে সর্বমোট ১০০ জোড়া হাই ও লো বেঞ্চ সরবরাহ কাজটি সিডিউল মোতাবেক সম্পন্ন করছেন। কাজের গুনগত মান সন্তোষজনক। ইতোমধ্যে বর্নিত ৪টি শিক্ষাপ্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করা হয়েছে। উক্ত কাজের চুড়ান্ত বিল প্রদানের জন্য সুপারিশ করেন।

**<u>সিদ্ধান্ত</u>** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত কাজের বিল প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**<u>বাস্তবায়নে</u>** : উপজেলা প্রকৌশলী, শ্যামনগর এবং উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, শ্যামনগর।

---

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭. | উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ নির্মানের জন্য গাছ কর্তন এবং মসজিদ নিলাম সংক্রান্ত | ১. উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, শ্যামনগর উপজেলা পরিষদ চত্বরে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য বিদ্যমানস্থানে ৩৩ (তেত্রিশ) টি বিভিন্ন জীবিত গাছ কর্তনের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়। স্থানীয় সরকার বিভাগের গত ৩১ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.১১৭.২০১৫-০১ নং পত্রে শ্যামনগর উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত জীবিত গাছ নিলামে বিক্রয়ের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে।<br>২. উপজেলা পরিষদ চত্বরে মডেল মসজিদ এবং সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য বিদ্যমান মসজিদটি নিলাম পূর্বক অপসারন করা প্রয়োজন।<br>এমতাবস্থায় উপজেলা পরিষদ চত্বরে মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য ৩৩ (তেত্রিশ) টি বিভিন্ন জীবিত গাছ নিলাম এবং বর্তমান মসজিদটি নিলামের বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন। | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মানের জন্য ৩৩ (তেত্রিশ) টি বিভিন্ন জীবিত গাছ নিলাম এবং বর্তমান মসজিদটি নিলামের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৮. | একটি বাড়ী একটি খামার | সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ঋন আদায়ে তৎপর হতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৯. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১০. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **<u>উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ</u>** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, উপজেলা সাব-রেজিঃ অফিসের সামনে ড্রেনের স্লাব নষ্ট হয়ে গেছে। যার কারনে ময়লা জমে আর্বজনার স্তুপ হয়ে গেছে। জরুরী ভিত্তিতে স্লাব মেরামতের জন্য বলেন । | দ্রুত ভিত্তিতে স্লাব মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **<u>উপজেলা কৃষি অফিস ঃ</u>** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, ঘূর্নিঝড় বুলবুলে শ্যামনগর উপজেলায় প্রচুর গাছপালার ক্ষয়ক্ষতি হয়েছে। আগামী বর্ষা মৌসুমে এ উপজেলায় বেশি করে বৃক্ষরোপনের জন্য মতামত প্রদান করেন। | আগামী বর্ষা মৌসুমে শ্যামনগর উপজেলায় ৫.০০ লক্ষ গাছের চারা রোপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**<u>উপজেলা মৎস্য অফিস ঃ</u>** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ডিসেম্বর'১৯ মাসের অগ্রগতি প্রতিবেদন ছক উপস্থাপন করেন-

| উপজেলার নাম | বিবরণ | প্রদর্শনী হে.মার স্থাপন (হে.) | মৎস্য আবাসস্থল উন্নয়ন (হে.) | বিল নার্সারি স্থাপন (হে.) | উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মে.টন) | মৎস্য চাষি/মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন (টি) | মৎস্য হ্যাচারী নিবন্ধন ও নবায়ন | মৎস্য খাদ্যমান পরীক্ষা | মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষনাবেক্ষণ (টি) | মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি) | জলবায়ু সহনশীল মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ (টি) | এসপিএফ চিংড়ি পোনা উৎপাদন/সরবরাহ (কোটি) | বছরব্যাপি বিশেষ মৎস্য সেবা প্রদান (মাসে ১টি) | মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত সুফলভোগীদের প্রশিক্ষণ | মৎস্যচাষী , মৎস্য জীবিদের প্রশিক্ষণ (জন) | রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| শ্যামনগর | লক্ষ্যমাত্রা | ১.০০ | ০.৫০ | ০.০০ | ০.৪০ | ৪৫০ | ৬ | ৫ | ০ | ৩৫ | ০ | ০ | ৫.০০ | ১৬০ | ১৫০ | ২০ |
| | অর্জন | | - | - | - | ৩৫ | - | ১ | - | ২ | - | - | - | | | ৩ |
| | ক্রমপুঞ্জিত | | - | - | ০.৪ | ১৪৭ | | ১ | | ১১ | | | - | | | ৯ |

**বি.দ্র.- অর্জন বলতে প্রতিবেদনাধীন মাসের অর্জন এবং ক্রমপুঞ্জিত অর্জন বলতে অর্থ বছরের শুরু হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট অর্জন বুঝাবে।**

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের ড্রেনেজ ব্যবস্থা খুবই খারাপ। বর্ষা মৌসুমে পানি জমে হাসপাতাল চত্ত্বর দূগন্ধ হয়ে যায়।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্যামনগর উপজেলার ১২টি ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক সমূহের বর্তমান বাস্তব অবস্থা সম্পর্কে সভায় উপস্থিত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের নিকট জানতে চান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের উপস্থিত কর্মকর্তা আগামী মাসিক সভায় এবিষয়ে একটি প্রতিবেদন পেশ করবেন মর্মে সভাকে জানান। | উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে পরিদর্শন পূর্বক আগামী মাসিক সভায় এবিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ইতোমধ্যে উপজেলার বিভিন্ন ইউনিয়নে ইজিপিপির কাজ শুরু হয়েছে। সরকারী কার্পেটিং রাস্তার দুপাশে মাটি প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আরও বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি সুপেয় পানির ট্রিটমেন্ট আছে। কিছুদিন যাবৎ পানির ট্রিটমেন্ট থেকে পর্যাপ্ত পানি উৎপাদন হচ্ছেনা। কিছু যন্ত্রাংশ মেরামত এবং সংযোজন করা প্রয়োজন। উপজেলা পরিষদ হতে বর্নিত পানির ট্রিটমেন্টটি মেরামতের জন্য মতামত প্রদান করেন। | ১. ইজিপিপির প্রকল্পে কার্পেটিং রাস্তার দুপাশে মাটি ভরাটের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br>২. পানির ট্রিটমেন্টটি মেরামতকরতে কত টাকা ব্যয় হতে পারে এবিষয়ে একটি মতামত প্রদানের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, সমাজসেবা অফিস সংলগ্ন প্রবেশদ্বারে রাস্তার পাশে পানি জমে নোংরা পরিবেশ সৃষ্টি হচ্ছে এবং পাশ্ববর্তী খোলা জায়গায় মাটি/বালু ভরাট করে একটি মোটর সাইকেল গ্যারেজ র্নিানের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের নিমিত্ত ৫০ (পঞ্চাশ) শতক জমি উপজেলা কমপ্লেক্স বা এর নিকটবর্তী সহজে প্রবেশগম্য এলাকায় প্রদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে পত্র পাওয়া গেছে। উপজেলা কমপ্লেক্স অভ্যন্তরে যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের নিমিত্ত ৫০ (পঞ্চাশ) শতক জমি প্রদানের প্রয়োজনী ব্যবস্থা গ্রহন করতে মাসিক সভায় সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহন সাপেক্ষে উপজেলা পরিষদের অভ্যন্তরে যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের নিমিত্ত ৫০ (পঞ্চাশ) শতক জমি প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, শ্যামনগর উপজেলার যে সকল ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ডের ঝুকিপূর্ন্ন রাস্তা আছে, সেগুলি চিহ্নিত পূর্বক জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এছাড়া অধিক অধিক ঝুকিপূর্ন স্থানে খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে মর্মে তিনি সভাকে জানান। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন-

| সমিতি/ দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** |
| ২৩৬ | ৫৪৭৬ | ২১৬৯ | ১৫৬০.৪০ | ২৮১.৮৭ | ১৮% | ৩.৭৫ | ৪৪৬ | ২৭৬ | ১০ | - |

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

**উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার বলেন যে, সমবায়ীদের সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষন আয়োজনের জন্য উপজেলা পরিষদ মাসিক সভায় সিদ্ধান্ত গৃহিত হলেও, অদ্যবধি কোন বাস্তবায়ন হয়নি। সমবায়ীদের সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপজেলা পরিষদ হতে একটি প্রকল্প গ্রহনের জন্য উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর সাথে আলোচনা পূর্বক এবিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, মুজিববর্ষকে স্মরনীয় করতে সরকার বিভিন্ন কর্মসূচী প্রণয়ন করেছেন। শ্যামনগর উপজেলা পরিষদ সরকারী নির্দেশনা মোতাবেক মুজিবর্ষ পালনে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করছে। এছাড়া সাতক্ষীরা জেলা প্রশাসন কর্তৃক ঘোষিত **"ক্লিন সাতক্ষীরা, গ্রিন সাতক্ষীরা"** কর্মসূচীর আলোকে শ্যামনগর উপজেলা পরিষদ কমপ্লেক্স নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। উপজেলার বিভিন্ন স্থানে বর্জ অপসারনসহ বিভিন্ন কার্যক্রম চলমান আছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে নিয়মিত সচেতনতামূলক বিভিন্ন অনুষ্টানের আয়োজন করা হচ্ছে। প্রতিটি ইউনিয়নে মুজিববর্ষ এবং ক্লিন সাতক্ষীরা, গ্রিন সাতক্ষীরার কর্মসূচীর আলোকে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন অভিযান করতে উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের ড্রেন ব্যবস্থা আধুনিকায়ন করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

০২। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে,

১. বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনের একটি বড় খাত হলো চিংড়ী। চিংড়ী চাষের পূর্ব শর্ত হলো চিংড়ী ঘেরে ঠিকমতো পানি উঠা নামা করানো। পানি উন্নয়ন বোর্ডের যে সকল স্লুইজ গেট ভঙ্গুর অবস্থার মধ্যে আছে সেগুলি সংস্কার করার জন্য পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত :** এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করেন।

২. যে সকল প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলি জরাজীর্ন্ন অবস্থায় আছে সেগুলি অপসারন পূর্বক নতুন ভবন নির্মানের জন্য অনুরোধ করেন। তার ইউনিয়নে-১) ১৮৮ নং চুনা (পানখালী) সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২) ১০৩ নং সেন্ট্রাল আবাদচন্ডিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৩) ৩৫ নং ভামিয়া পোড়াকাটলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলি দ্রুত অপসারনের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া ১৮৮ নং চুড়না সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জন্য একটি অস্থায়ী শ্রেণীকক্ষ নির্মানের জন্য সভায় মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত :** উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।

৩. পোড়াকাটলা কমিউনিটি ক্লিনিক ও সাবেক ওয়ার্ড অনুযায়ী একটি নতুন কমিউনিটি ক্লিনিক নির্মানের জন্য সভায় মতামত প্রদান করেন। বর্নিত স্থানে জমি দাতা কর্তৃক সরকারের নামে জমি রেজিঃ সম্পন্ন হয়েছে। এছাড়া বুড়িগোয়ালিনী ইউনিয়ন পরিবার পরিকল্পনা কল্যান কেন্দ্রটি মডেল করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।

৪. নদীর চর অবৈধভাবে দখলকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন পূর্বক প্রকৃত ভূমিহীনদের মাঝে জমি বন্দোবস্ত করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

৫. ১% এবং হাটবাজারের টাকা বিধি মোতাবেক স্ব-স্ব ইউনিয়নে বিভাজনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

৬. পোড়াকাটলা - গোপীনাথ মোড়ের ব্রীজটি দ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত ঃ** বর্নিত আলোচনার আলোকে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

০৩। চেয়ারম্যান, ঈশ্বরীপুর সভায় বলেন যে, বংশীপুর হতে রমজাননগর রাস্তার কাজটি অদ্যবধি শেষ হয়নি। মানুষজনের চলাচলের ভীষন সমস্যার সৃষ্টি হচ্ছে। দ্রুত ভিত্তিতে কাজটি শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন। এছাড়া সমাজসেবা হতে বিভিন্ন ভাতাভোগীর টাকা উত্তোলন করতে ব্যাংক এশিয়া হতে বিভিন্ন সমস্যা হচ্ছে মর্মে ভাতাভোগীরা অভিযোগ করছেন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে সমাজসেবা অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

০৪। চেয়ারম্যান, রমজাননগর ইউপি সভায় বলেন যে, টেংরাখালী কমিউনিটি ক্লিনিক খুব জরাজীর্ন্ন অবস্থায় আছে, এটি অপসারন পূর্বক নতুন ভবনের নির্মানের জন্য প্রস্তাব করেন।

০৫। চেয়ারম্যান, মুন্সীগঞ্জ ইউপি সভায় বলেন যে, বড় ভেটখালী স্লুইজ গেটটি অত্র এলাকায় পানি নিস্কাষন এবং চিংড়ী চাষে গুরুত্বপূর্ন কাজে ব্যবহার হয়ে থাকে। বর্তমানে গেটটি নষ্ট হয়ে গেছে। উক্ত স্থানে নতুন একটি স্লুইজ গেট করার জন্য পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাকে অনুরোধ করেন।

০৬। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে, আটুলিয়া ইউনিয়নে ভড়ভড়িয়ায় চলাচলের কালভার্টটি খুবই বেহাল দশার মধ্যে আছে। কালভার্টটি মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আর্কষন করেন।

০৭। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০১৯খ্রিঃ'র ডিসেম্বর মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ১১দিন এবং মহিলা ভাইস ১১ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০১৯খ্রিঃ'র জানুয়ারী মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০১৯খ্রিঃ'র জানুযারী মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২২ দিনের ৫০০ টাকা হারে ১১০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে মুজিববর্ষ এবং ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ২৮.০১.২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা .....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,.............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ..................................................................................

১০। অফিস কপি।

(মোঃ আব্দুল হাই সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com